দর্শনায় বিশেষ শিক্ষা প্রতিবন্ধীদের স্কুল পরিদর্শন

দর্শনায় বিশেষ শিক্ষা প্রতিবন্ধীদের স্কুল পরিদর্শন করলেন চুয়াডাঙ্গা জেলার প্রতিবন্ধী সাহায্য বিষয়ক সেবা সংস্থার কর্মকর্তা আনোয়ারুল ইসলাম। গতকাল বুধবার বেলা ১১ টার দিকে তিনি দর্শনা বিশেষ শিক্ষা প্রতিবন্ধীদের স্কুল পরিদর্শন করেন।

এ সময় তাকে ফুলের শুভেচ্ছা জানায়, বিশেষ শিক্ষা প্রতিবন্ধীদের স্কুলের প্রধান শিক্ষকা শিরিনা আক্তার, বিদ্যালয়ের সভাপতি আঃ কাদের ও শিক্ষকবৃন্দরা। বিশেষ অতিথী হিসাবে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপি’র প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট। সেবা সংস্থার কর্মকর্তা আনোয়ারুল ইসলাম বিদ্যালয়টি ঘুরে ঘুরে দেখেন। এ সময় তিনি বলেন, এ বিদ্যালয়টি চুয়াডাঙ্গা জেলার মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। আমি বিদ্যালয়টির কাগজপত্র সব পাঠিয়ে দিয়েছি খুব তাড়াতাড়ি সরকারি তালিকাভুক্ত হবে বলে আশা করছি।

এ স্কুলে প্রায় ২ শতাধিক প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী রয়েছে। এ স্কুলের মান অনেক ভালো। তিনি সন্তুষ্ঠ প্রকাশ করে চলে যান।

দর্শনায় বিএনপি’র ঐতিহাসিক গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তিতে বিজয় মিছিল

সারা দেশের ন্যায় জুলাই গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে সারাদেশে বিজয় র্যালীর আয়োজন করেছে বিএনপি। ছাত্র জনতার ঐক্যবদ্ধ আন্দোলনে আওয়ামী ফ্যাসিবাদের পতন ঘটে। এই ঐতিহাসিক ঘটনার এক বছর পূর্তিতে দর্শনা থানা ও পৌর বিএনপি’র উদ্যোগে পৃথক পৃথক ভাবে ঐতিহাসিক গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তিতে বিজয় মিছিল ও গণ-জমায়েত অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বিকাল সাড়ে ৩ টার দিকে দর্শনা ডাকবাংলা চত্বর থেকে দর্শনা পৌর বিএনপি’র অঙ্গসংগঠনের উদ্যোগে ২০২৪ -এর ঐতিহাসিক গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তিতে গণ-জমায়েত ও বিজয় মিছিল অনুষ্ঠিত হয়। এ মিছিলটি দর্শনা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে দর্শনা বাসস্ট্যান্ড চৌরাস্তার মোড়ে গণ-জামায়েত অনুষ্ঠিত হয়।

এ গণ-জমায়েতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, দর্শনা পৌর বিএনপি’র প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট। এ সময় তিনি বলেন, জুলাই গণ-অভ্যুত্থানের ধারাবাহিকতায় ৫ই আগষ্ট আওয়ামী ফ্যাসিবাদের পতন ঘটে। এই ঐতিহাসিক ঘটনার ১ বছর পূর্তিতে দলটি এ দিবসটিকে বিজয়ের প্রতিক হিসেবে দেখছে। এ সময় আরও দর্শনা পৌর বিএনপি’র সমন্বয়ক শরিফ উদ্দীন, মমিনুল ইসলাম, শফিউল আজম তোতা, লুৎফর, আজিজুল হক, হারিজ উদ্দীন লাভলু, নাজিম আহমেদ, মোঃ ফেরদৌস আলম মন্টু, দর্শনা পৌর যুব দলের আহ্বায়ক মোঃ ফারুক হোসেন, দর্শনা থানা যুবদলের যুগ্ম আহবায়ক, মোঃ আব্দুল্লাহ আল মামুন (রিংকু), মিতুল, সুলতান, দর্শনা পৌর কৃষকদলের হাতেম আলী, রমিজ শাহরুল চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের যুগ্মসাধারণ সম্পাদক, আলতাফ হোসেন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সহ-সভাপতি, জাকির হোসেন সামাউল, সোহেব আক্তার শাফায়েত জামান পাপ্পু, আসিফ হাসান।

অপর দিকে দর্শনা থানা বিএনপি’র উদ্যোগে ছাত্র জনতার ঐতিহাসিক গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তিতে বিজয় র্যালী অনুষ্ঠিত হয়েছে। এই বিজয় র্যালীটি দর্শনা বাস স্ট্যান্ড চৌরাস্তার মোড় থেকে দর্শনা রেল বাজার মুক্ত মঞ্চে এসে শেষ হয়। পরে দোয়া মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভা ও দোয়া মাহফিলে সভাপতিত্ব করেন দর্শনা থানা বিএনপি’র সভাপতি বীর মুক্তিযোদ্ধা খাজা আবুল হাসনাত। এ সময় বক্তব্য রাখেন, দর্শনা থানা বিএনপি’র সাধারণ সম্পাদক সাবেক চেয়ারম্যান আহম্মেদ আলী, বেগমপুর ইউনিয়ন এর সাবেক সভাপতি শেখ আসলাম আলী, মদনা ইউনিয়ন বিএনপি’র সভাপতি আজিজুল হক, সাধারণ সম্পাদক শফিউল্লাহ শফি আরও নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

অপর দিকে বিকেল সাড়ে ৫ টায় দর্শনা পৌর বিএনপি’র সমন্বয়ক আলহাজ্ব মশিউর রহমান এর নেতৃত্বে ছাত্র জনতার ঐতিহাসিক গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তিতে গণ-জমায়েত ও বিজয় মিছিল অনুষ্ঠিত হয়।

দর্শনায় ইয়াবা, ট্যাপেন্টাডল ও নগদ টাকাসহ গ্রেফতার ২

চুয়াডাঙ্গার দর্শনা থানা পুলিশ মাদকবিরোধী অভিযান চালিয়ে ৪৫২ পিস ইয়াবা ট্যাবলেট, ১০০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট, নগদ ৩০ হাজার টাকা ও ৫টি মোবাইল ফোনসহ দুইজনকে গ্রেফতার করেছে।

জানা গেছে, মঙ্গলবার ভোর ৫টার দিকে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ শহীদ তিতুমীরের নেতৃত্বে এ অভিযান চালানো হয়। দর্শনা বাসস্ট্যান্ড টার্মিনালের পাবলিক টয়লেটের সামনের পাকা রাস্তায় এই অভিযান পরিচালিত হয়।

গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার চৌকস এসআই মাসুদুর রহমান সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে দর্শনা মোহাম্মদপুর এলাকার মৃত আতিয়ার রহমানের ছেলে ও ইয়াবা ব্যবসার মূল হোতা নাজিম উদ্দিন ওরফে জনি ড্রাইভার (৪০) এবং একই এলাকার মৃত নাজিমুদ্দিন খন্দকার রুমির ছেলে মোহাম্মদ আলী ওরফে তানিম (২২)-কে গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতদের কাছ থেকে ৪৫২ পিস ইয়াবা, ১০০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট, নগদ ৩০ হাজার টাকা এবং ৫টি মোবাইল ফোন উদ্ধার করা হয়।

এ ঘটনায় দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা রুজু করা হয়েছে। গতকালই গ্রেফতারকৃত দুই আসামিকে চুয়াডাঙ্গা আদালতে সোপর্দ করেছে পুলিশ।

দর্শনার পরানপুর- লোকনাথপুর

সড়কে গাছ ফেলে ভ্যান ছিনতাই

দর্শনা পরানপুর লোকনাথপুর সড়কে ছিনতায়ের ঘটনা ঘটেছে। এলাকা সূত্রে জানা গেছে, গতকাল রবিবার রাত ৯টার দিকে লোকরাথপুর বাসস্ট্যান্ড থেকে দুইজন মহিলা ভ্যানযোগে পরানপুর গ্রামের দিকে আসছিল।

এসময় লোকনাথপুর পরানপুর সড়কের ধাপড়ী মাঠের বাশঁঝাড়ের নিকট সড়কে বাঁশ কেটে ও গাছ ফেলে সড়ক অবরোধ করে। ভ্যানে থাকা দুই মহিলার নিকট থেকে একটি সোনার চেইন ও কানের দুল ও কিছু নগদ টাকা ছিনতাই করে নিয়ে যায় ছিনতাইকারীরা। তবে ভুক্তভোগীদের কারো সাথে দেখা করা সম্ভব হয়নি। জৈনক এক মোটর সাইকেল আরোহী ঐ সড়কে আসার সময় তাদের সাথে দেখা হয়। তিনিই এ ঘনাটি জানান সাংবাদিকদের কাছে। তবে তিনি কারো নাম ঠিকানা বলতে পারেনি। এ বিষয় দর্শনা থানার অফিসার্স ইনচার্জ শহীদ তিতুমীর এর নিকট জানতে চাইলে ঘটনা জানেনা বলে জানান। ঘটনাটি শুনার পর সঙ্গীও ফোর্স নিয়ে ঘটনা স্থলে গিয়ে সড়কের পাশে বাঁশ ফেলে রাখতে দেখেন। এসময় দামুড়হুদা থানার অফিসার্স ইনচার্জ হুমায়ন কবির ও দ্রুত ঘটনা স্থলে পৌঁছে কাউকে পাননি বলে জানা গেছে।

তবে এ ঘটনায় ভ্যান চালককে জিজ্ঞাসাবাদের জন্য দামুড়হুদা মডেল থানায় নিয়ে গেছে। দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মাকর্তা জানান ঘটনাটি দামুড়হুদা মডেল থানা এলাকা বলে জানান, দর্শনা থানার অফিসার্স ইনচার্জ শহীদ তিতুমীর।

দর্শনায় পুর্ব শত্রুতার জেরে শাহারুলকে কুপিয়ে জখম

দর্শনায় পুর্ব শত্রুতার জের ধরে বিএনপির গ্রুপের সংঘর্ষের ঘটনা ঘটছে।এতে মারাত্মকভাবে জখম হয়েছে দর্শনা মোবারকপাড়ার পিয়ার আলীর ছেলে শাহারুল(৩৫) নামের একজন।

তাকে মুমুর্ষ অববস্থায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেছে।ঘটনার বিবরনে জানাগেছে,গত পরশু মামুন নামের একজন দর্শনা রেল বাজার কাঁচা পট্রিতে বসে ছিল।বসে থাকা অবস্থায় পরানপুর গ্রামের আঃ জলিলের ছেলে শিমুল ও জাবেদ তাকে মারধর করে।

এ ঘটনার জের ধরে রবিবার রাত সাড়ে ৮ টার দিকে পরানপুর গ্রামের শিমুল, জাবেদ,জনি ও রানা মোবারক পাড়া শাহারুলের বাড়িতে হামলা চালায়।হামালা চালিয়ে শাহারুলকে রামদা ও হাতুড়ি দিয়ে কুপিয়ে ও পিটিয়ে মারাত্মকভাবে রক্তাক্ত জখম করে।তার সারা শরীলে ধারালো অস্ত্রের আঘাতে ১৬ টি সেলাই গিয়েছে বলে জানাগেছে।

শাহারুলকে মুমুর্ষ অবস্থায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।এ ঘটনায় শাহারুলের পিতা পিয়ার আলী বাদি হয়ে দর্শনা থানায় একটি অভিযোগ দায়ের করেছে।এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীর বলেন, এ ঘটনায় দর্শনা থানায় ৪ নাম উল্লেখ করে মামলা হয়েছে।তবে এখনো পর্যন্ত কোন আসামীকে গ্রেফতার করতে পারেনী।

দর্শনা থানা পুলিশের অভিযানে চোরাপন্যসহ আটক-৫

দর্শনা পৌরসভায় ১১২ টি সোলার লাইট ল্যাম্পপোস্ট লাগানো হয়েছে।এ সব ল্যামপোষ্ট ৬ মাসের ভিতরে সবই চোরেরা চুরি করে নিয়ে যায়।

এ চুরির ঘটনায় দর্শনা পৌরসভার পৌর সহায়ক হারুন অর রশিদ হারুন দর্শনা থানায় লিখিত অভিযোগ করে।অভিযোগের পেক্ষিতে মাঠে নামে প্রশাসন।

গতকাল দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে এলইডি ল্যাম্পসহ চার্জার সোলার লাইট ও ১০ টি ব্যাটারিসহ কিশোরসহ ৫ জনকে গ্রেফতার করেছে।

জানাযায়,গত বৃহস্পতিবার দিনগত গভীর রাতে দর্শনা থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীরের নেতৃত্বে অভিযান দর্শনা শামসুল ইসলাম সড়কের ঈশ্বরচন্দ্রপুর মাঠে।এ সময় দর্শনা থানা পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় দর্শনা চেকপোষ্ট সড়কের উপর।

এ সময় পুলিশ সোলার লাইটের ল্যামপোষ্টের পিলালের উপর উঠে এলইডি লাইট খুলছে।পুলিশ সে সময় দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর মাঝপাড়ার হাবিবুর রহমানের ছেলে হাসিবুল রহমান (১৯) ও একই গ্রামের আখতারুল ইসলামের ছেলে শিপন মিয়াকে (২৫(হাতে নাতে গ্রেফতার করে।পরে তাদের দুজনের স্বীকারক্তিতে আরও ৩ জনকে গ্রেফতার করে গ্রেফতারকৃত হলো দর্শনা পৌরসভার মোবারক পাড়ার মৃত্য সেলিমের ছেলে হামিদুল ইসলাম (২৮) ঈশ্বরচন্দ্রপুর গ্রামের সাইদুর রহমানের ছেলে আকাশ (১৭) ও একই গ্রামের আমিরুলের ছেলে শিহাব (১৭)কে গ্রেফতার করে।পরে তাদের স্বীকারোক্তিতে তাদের বাড়ি থেকে ও চার্জার মোটরসাইকেল থেকে বিভিন্ন চোরাইকৃত মালামাল উদ্ধার করে।

গতকালই ৫ জনের বিরুদ্ধে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে।এ বিষয়ে দর্শনা পৌরসভার পৌর প্রশাসক এ এইচ এম তাসফিকুর রহমান বলেন,আমরা পৌরসভার সব রাস্তাগুলো সোলার ল্যামপোষ্ট দিয়েছি তবে চোরেরা আস্তে আস্তে সব সোলার ল্যামপোষ্ট গুলো চুরি হয়ে যাচ্ছে।আমি শুনার পর আমার এক কর্মকর্তা দিয়ে অভিযোগ করি।অভিযোগের ভিত্তিতে দর্শনা থানা পুলিশ চোরাইকৃত মালামালসহ ৫ জনকে গ্রেফতার করেছে।

দর্শনা সীমান্তে দিয়ে ১৫ বাংলাদেশীকে বিজিবির কাছে হস্তান্তর করল বিএসএফ

চুয়াডাঙ্গার দর্শনা সীমান্ত দিয়ে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ ১৫ জন বাংলাদেশীকে বিজিবির কাছে হস্তান্তর করেছে। আজ বৃহস্পতিবার ৩১ জুলাই দুপুর ২ টার দিকে সীমান্তের নোমান্স ল্যান্ডে বিজিবি ও বিএসএফের মধ্যে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে

পতাকা বৈঠকের পর ওই ১৫ বাংলাদেশীকে হস্তান্তর করে। এই দিন বিকেল ৩ টার সময় চুয়াডাঙ্গার-৬ ব্যাটালিয়নের সহকারী পরিচালক মো. হায়দার আলী প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে গণমাধ্যম কর্মীদেরকে বিষয়টি নিশ্চিত করেছেন।এক বিজ্ঞপ্তিতে জানানো হয় বৃহস্পতিবার দুপুর ২ টার সময় চুয়াডাঙ্গা-৬ ব্যাটালিয়ন এবং বিএসএফ-৩২ ব্যাটালিয়নের মধ্যে দর্শনা সীমান্ত মেইন পিলার ৭৬ এর নিকট শূন্য রেখায় বিজিবি-বিএসএফের ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।পতাকা বৈঠকে চুয়াডাঙ্গা-৬ ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল মো. নাজমুল হাসান এবং ৩২ বিএসএফ ব্যাটালিয়নের কমান্ড্যান্ট শ্রী সুজিত কুমারসহ সংশ্লিষ্ট কোম্পানি কমান্ডারগণ উপস্থিত ছিলেন।

পতাকা বৈঠকে পূর্বে বিভিন্ন সময়ে বাংলাদেশ হতে অবৈধভাবে ভারতে অনুপ্রবেশকারী ১৫ জন বাংলাদেশী নাগরিককে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) কর্তৃক বিজিবির নিকট আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়। পরে তাদেরকে দর্শনা থানায় হস্তান্তর করা হয়।

হস্তান্তরপ্রাপ্ত ব্যক্তিরা হলো কুড়িগ্রাম জেলার ফুলবাড়ি থানার নিজাম উদ্দীনের ছেলে রাসেল আলী(২৬) রাসেলের স্ত্রী মোছাঃ শাবানা (২১), নিজাম উদ্দীনের স্ত্রী মোছাঃ রাহিলা (৫২) রাসেলের মেয়ে মোছাঃ আছিয়া(৩) রিয়াজ উদ্দীনের মেয়ে মোছাঃ রেশমা(১০)কুড়িগ্রাম জেলার ফুলবাড়ি থানার কবীরমাহমুদ গ্রামের আজিজারের ছেলে রফিকুল (২৮)তার স্ত্রী মোছাঃ জান্নাতি (২৪), তার মেয়ে মোছাঃ রুকসানা (১০),সহ ১৫ জন নারী পুরুষ অপ্রাপ্ত বয়স্ক শিশু রয়েছে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শহীদ তিতুমীর বলেন,ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, বর্ডার গার্ড বাংলাদেশ ৬ বিজিবি ১৫ জনকে দর্শনা থানায় হস্তান্তর করেছে।

দর্শনা সীমান্তে ভারতীয় রুপাসহ দুই চোরাকারবারি আটক

চুয়াডাঙ্গা সীমান্ত এলাকায় বিশেষ অভিযান চালিয়ে দুই চোরাকারবারিকে আটক করেছে ৬ বিজিবি ব্যাটালিয়ন। এসময় তাদের কাছ

থেকে প্রায় ১১ কেজি ভারতীয় দানাদার রুপা জব্দ করা হয়েছে।

শনিবার (২৬ জুলাই) বেলা দেড়টার দিকে দামুড়হুদা উপজেলার আজিমপুর এলাকায় এ অভিযান চালানো হয়।

আটক দুই চোরাকারবারি হলেন দর্শনা পুরাতন বাজারের ইকরামুল হকের ছেলে রাজিবুল ইসলাম (৩৭) ও দর্শনা আনোয়ারপুর গ্রামের জামাল উদ্দিনের ছেলে সাগর আলী (২১)।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে বিজিবি জানতে পারে চোরাকারবারিরা ভারত থেকে বাংলাদেশে রুপা পাচারের চেষ্টা করছে। এ তথ্যের ভিত্তিতে চুয়াডাঙ্গা-৬ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. নাজমুল হাসানের দিকনির্দেশনায় ও সহকারী পরিচালক মো. হায়দার আলীর নেতৃত্বে একটি আভিযানিক দল সীমান্ত এলাকার মেইন পিলার ৭৭/২-এস থেকে প্রায় ২ কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে আজিমপুরের একটি ফুড গোডাউনে অভিযান পরিচালনা করে।

অভিযানের সময় বিজিবির উপস্থিতি টের পেয়ে চোরাকারবারিরা পালিয়ে যাওয়ার চেষ্টা করলে রাজিবুল ও সাগর আলী নামের দুইজনকে আটক করা হয়। পরে তাদের স্বীকারোক্তি ও তথ্যের ভিত্তিতে গোডাউনের একটি কাগজের কার্টন তল্লাশি করে প্রায় ১১ কেজি ভারতীয় দানাদার রুপা উদ্ধার করা হয়। এসময় তাদের ব্যবহৃত দুটি মোবাইল ফোনও জব্দ করা হয়। জব্দকৃত রুপার বাজারমূল্য প্রায় ২৬ লাখ ৫১ হাজার ৯৫৮ টাকা।

এ ঘটনায় বিজিবির পক্ষ থেকে মো. এনায়েত হোসেন দর্শনা থানায় একটি মামলা দায়ের করেছেন। আটককৃতদের থানায় হস্তান্তর করা হয়েছে এবং জব্দকৃত রুপা চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা দেওয়ার প্রক্রিয়া চলমান রয়েছে।

দর্শনা সীমান্তে বিজিবির

স্বর্ণ-মাদক চোরাচালান ও পুশইন প্রতিরোধে সভা

চুয়াডাঙ্গা দর্শনা ইমিগ্রেশন চত্বরে চুয়াডাঙ্গা ৬ বিজিবি স্বর্ণ মাদক চোরাচালান ও পুশইন প্রতিরোধে জন সচেতনতা মুলক এক আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।

বুধবার বিকাল ৪টার দিকে জয়নগর সীমান্তে চেকপোষ্ট চত্বরে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা বিওপি বিজিবির কোম্পানী কমান্ডার সু্বেদার মোঃ আশরাফুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্যে রাখেন চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন এর উপ-পরিচালক মেজর মোঃ হায়দার আলি।

এসময় তিনি বলেন, এলাকার সব ধরনের মানুষের সহযোগিতা না পেলে স্বর্ণ মাদক চোরাচালান ও পুশইন ঠেকানো বা প্রতিরোধ করা সম্ভব না।
তিনি আরো বলেন, আমাদের আপনারা গোপনে তথ্য দিয়ে সহযোগিতা করবেন,যা কেউ জানবেনা।

এ সময় দামুড়হুদা আনসার ব্যাটেলিয়ন কমান্ডার মোঃ সাজিদ সহ ২০ জন সদস্য ও এলাকার গণ্যমান্য এবং সচেতন নাগরিকগণ উপস্থিত ছিলেন।

বিমান দুর্ঘটনায় নিহত-আহত শিক্ষার্থীদের জন্য দর্শনায় পৌর বিএনপি’র দোয়া মাহফিল

দর্শনা পৌর বিএনপি’র আয়োজনে ঢাকা উত্তরায় মাইলস্টোন স্কুল এন্ড কলেজে মমার্ন্তিক বিমান দুর্ঘটনায় নিহতদের আত্মার মাগফেরাত ও আহত সকলের সুস্থ্যতা কামনায় দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে দর্শনা পুরাতন

বাজার পৌর বিএনপি’র অস্থায়ী কাযার্লয়ে এ দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

দর্শনা পুরাতন বাজার জামে মসজিদেরে পেশ ঈমাম নুরুল ইসলাম এ দোয়া ও মিলাদ মাহফিল পরিচালনা করেন। এসময় দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপি’র প্রধান সমন্বয়ক ও সাবেক পৌর বিএনপি’র সিনিয়ার সহ-সভাপতি হাবিবুর রহমান বুলেট।

এছাড়া চুয়াডাঙ্গা জেলা শ্রমিক দলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাবু তরফদার, দর্শনা পৌর বিএনপি’র প্রধান সমন্বয়ক কমিটির সদস্য নাহারুল ইসলাম, সমন্বয়ক কমিটির সদস্য সাংবাদিক শরীফ উদ্দিন, বিএনপি নেতা সরোয়ার হোসেন, আব্দুর রাজ্জাক, সাবেক ছাত্র নেতা ফারুক হোসেনসহ ছাত্রদল, যুবদল, স্বেচ্ছাসেবক ও কৃষকদলের নেতা কর্মীরা দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।